



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

২৯/০৬/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৭৩ তম (জরুরী) সভার কার্যবিবরণী

২৯/০৬/২০২১ ইং তারিখ বিকাল ৩-০০ ঘটিকায় ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর একাডেমিক কাউন্সিলের ৭৩ তম (জরুরী) সভা Online Video Conference (Zoom) এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান এবং মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সন্নিবেশ করা হইয়াছে।

সভার শুরুতে ভাইস-চ্যান্সেলর মহোদয় Online Video Conference (Zoom) এ উপস্থিত সকল সদস্য এবং তিনজন বহিঃ সদস্য যথাক্রমে (১) অধ্যাপক ড. মোঃ হাসানুজ্জামান, ডীন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা এবং (২) অধ্যাপক ড. প্রাণ কাণাই সাহা, তওই কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং (৩) অধ্যাপক ড. মোঃ আফতাব আলী শেখ, চেয়ারম্যান, বি সি এস আই আর, ধানমন্ডি, ঢাকা কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ভাইস-চ্যান্সেলর মহোদয় করোনাকালীন এই জরুরী সভায় Zoom-এ উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানান। ভাইস-চ্যান্সেলর মহোদয় আরও উল্লেখ করেন যে, বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামের পরিবর্তিত একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী আগামী ০৮/০৭/২০২১ ইং হইতে পরীক্ষা গ্রহণের সিডিউল নির্ধারিত আছে। কিন্তু কোভিড সংক্রমণের কারণে নির্ধারিত তারিখে পরীক্ষা গ্রহণ সংক্রান্ত পদ্ধতি নির্ধারণ করা প্রয়োজন।

ইহা ছাড়া বিশ্ববিদ্যালয়ের সকল সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে পূর্ব নির্ধারিত তারিখে পরীক্ষায় অংশগ্রহণ ও পরীক্ষা পদ্ধতির বিষয়ে আবেদন জানানো হইয়াছে। তাহারা আবেদনে উল্লেখ করে যে, করোনাকালীন পরিস্থিতিতে তাহাদের অনলাইন ক্লাস সমাপ্ত হইয়াছে। দেশের উদ্ভূত পরিস্থিতিতে তাহাদের স্বশরীরে পরীক্ষা দেওয়া সম্ভব হইবে না। এইপ্রেক্ষিতে তাহারা পূর্ব নির্ধারিত তারিখে অনলাইন পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক এবং একাডেমিক ক্যালেন্ডারে উল্লেখিত ০৮/০৭/২০২১ ইং তারিখ হইতেই পরীক্ষা গ্রহণ করার জন্য অনুরোধ জানাইয়াছে।

বিষয়টি সভায় উপস্থাপন করা হইলে ইহার উপর বিস্তারিত আলোচনা হয়। সদস্যগণ অভিমত পোষণ করেন যে, সমাপনী বর্ষের পরীক্ষা অনলাইনে ৩০/০৬/২০২১ ইং তারিখে শেষ হইবে। গত ১১/০৫/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৭২ তম (জরুরী) সভায় পরীক্ষা সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

“(১) বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের সমাপনী বর্ষের পরীক্ষা পুরো সিলেবাসে ২ ঘন্টা ব্যাপী ১৫০ নম্বরে অনলাইনে গ্রহণ করা হইবে। ৮ টি প্রশ্নের মধ্যে ৬ টির উত্তর দিতে হইবে, প্রতিটি প্রশ্নের মান ২৫ নম্বরের হইবে। বাকী ৬০ নম্বর শিক্ষার্থীদের বিগত পরীক্ষাগুলির অর্জিত সিজিপিএ হইতে গ্রহণ করা হইবে। সমাপনী বর্ষের পরীক্ষাগুলি সংশোধিত একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠিত হইবে।”

এইপ্রেক্ষিতে একাডেমিক ক্যালেন্ডারে উল্লেখিত ০৮/০৭/২০২১ ইং তারিখ হইতে পরীক্ষা গ্রহণের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। সদস্যগণ আরও উল্লেখ করেন যে, ২ ঘন্টা ব্যাপী ১৫০ নম্বরের গ্রহণ করা এবং ১৫০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ২১০ নম্বরে কনভার্ট করা যাইতে পারে। ৮ টি প্রশ্নের মধ্যে ৬ টির উত্তর দিতে হইবে, প্রতিটি প্রশ্নের মান ২৫ নম্বরের হইবে।

একাডেমিক কাউন্সিলের ৭২ তম (জরুরী) সভার সিদ্ধান্ত অনুযায়ী সমাপনী বর্ষের শিক্ষার্থীদের অবশিষ্ট ৬০ নম্বর বিগত পরীক্ষাগুলির অর্জিত CGPA এর ১৫ গুন করিয়া নম্বর নির্ধারণ করা যাইতে পারে। অধিকাংশ সদস্য ইহাতে একমত পোষণ করেন।

আইসিটি সেল একদিনের পরীক্ষাকে সুবিধাজনক স্টে ভাগ করিয়া পরীক্ষার সময় নির্ধারণ করিতে পারেন।

সিদ্ধান্ত -(১) : বিশ্ববিদ্যালয়ের আভারহাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত সমাপনী বর্ষ ব্যতীত শিক্ষার্থীদের অনলাইন ভিত্তিক পরীক্ষা গ্রহণ নিম্নবর্ণিত পদ্ধতিতে গ্রহণ করা হইবে।

(ক) ২ ঘন্টা ব্যাপী ১৫০ নম্বরের পরীক্ষা গ্রহণ করা হইবে এবং ১৫০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ২১০ নম্বরে কনভার্ট করা হইবে।


(খ) ৮ টি প্রশ্নের মধ্যে ৬ টির উত্তর দিতে হইবে, প্রতিটি প্রশ্নের মান ২৫ নম্বরের হইবে।

(গ) আইসিটি সেল একদিনের পরীক্ষাকে সুবিধাজনক স্লটে ভাগ করিয়া পরীক্ষার সময় নির্ধারণ করিবেন।

সিদ্ধান্ত-(২) : একাডেমিক কাউন্সিলের ৭২ তম (জরুরী) সভার সিদ্ধান্ত অনুযায়ী সমাপনী বর্ষের শিক্ষার্থীদের অবশিষ্ট ৬০ নম্বর বিগত পরীক্ষাগুলির অর্জিত CGPA এর ১৫ গুন করিয়া নম্বর নির্ধারণ করা হইবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান)
সভাপতি, একাডেমিক কাউন্সিল
ও
ভাইস-চ্যান্সেলর


(অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন)
সদস্য-সচিব, একাডেমিক কাউন্সিল
ও
রেজিস্ট্রার (অঃ দাঃ)

স্মারক নং-চাপ্রপ্রবি/১৬৪৯

তারিখ : ২৯/০৬/২০২১ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল :-

১-৫৫।


... ..

ও সদস্য, একাডেমিক কাউন্সিল, ডুয়েট, গাজীপুর।

উক্ত কার্যবিবরণী লিপিবদ্ধকরণের ক্ষেত্রে আপনার কোনরূপ আপত্তি থাকিলে তাহা কার্যবিবরণী প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে একাডেমিক কাউন্সিলের সদস্য সচিবের নিকট প্রেরণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানানো যাইতেছে।

৫৬। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা;

৫৭। সংরক্ষণ নথি।


(অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন)
সদস্য-সচিব, একাডেমিক কাউন্সিল
ও
রেজিস্ট্রার (অঃ দাঃ)